



তারিখ: ২৭/০৭/২০২১খ্রি:

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সিলেট সরকারি মহিলা কলেজে (কলেজ কোড: ১৭০৫) ভর্তিচ্ছুক ছাত্রীদের অনলাইনের ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী ২৮/০৭/২০২১খ্রি: তারিখ বিকাল: ০৪.০০টা থেকে শুরু হয়ে ১৪/০৮/২০২১খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত চলবে।

ভর্তিযোগ্য বিষয়সমূহ :

১) বাংলা ২) ইংরেজি ৩) ইতিহাস ৪) অর্থনীতি ৫) দর্শন ৬) রাষ্ট্রবিজ্ঞান ৭) সমাজকর্ম ৮) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

আবেদনের শর্তাবলী :


- (ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড /উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় থেকে মানবিক শাখায় ২০১৭/২০১৮ সালের এস.এস.সি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
- (খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড /উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ২০১৭/২০১৮ সালের এস.এস.সি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
- (গ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে ২০০ নম্বরের ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।
- (ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/ প্রতিবন্ধী/ পোষ্য কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থী আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে তথ্য এন্ট্রি করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।
- (ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় মেধার ভিত্তিতে ভর্তির চূড়ান্ত তালিকা অনলাইনে প্রকাশ করবে এবং কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তির নোটিশ প্রদান করা হবে।

আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি নিম্নরূপ :

- ১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে অগ্রহী প্রার্থীদেরকে আবেদন ফরম পূরণ করে কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং অপারেটর 'Rocket' এর মাধ্যমে ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ২) আবেদন ফি বাবদ ২৫০/- টাকা Rocket APP-এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।
- Step – 1 :** শিক্ষার্থী নিজে / এজেন্ট এর মাধ্যমে Rocket APP-এ প্রবেশ করবে।
- Step – 2:** Bill Pay অপশনে ক্লিক করবে।
- Step – 3:** Biller ID এর জায়গায় 3323 টাইপ করলে Sylhet Govt. Womens College দেখাবে এবং তা সিলেক্ট করতে হবে।
- Step – 4:** Bill Number এর জায়গায় Student ID (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত আবেদন ফরমে ৭ ডিজিটের Admission Roll Number) এন্ট্রি দিতে হবে।
- Step – 5:** Pay for এর জায়গায় Self সিলেক্ট করে Amount এর জায়গায় ২৫০/= টাকা টাইপ করে Submit বাটনে ক্লিক করতে হবে।
- Step – 6:** Rocket App ব্যবহারকারীর Pin নম্বর দিয়ে Confirm বাটনে ক্লিক করতে হবে।
- ৩) ১৫/০৮/২০২১খ্রি: তারিখের এর মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়নের SMS না পেলে ১৬/০৮/২০২১ তারিখের মধ্যে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, আবেদন ফরমটি সঠিকভাবে অনলাইনে পূরণ শেষে Submit করে উক্ত ফরমটি A4 সাইজের সাদা কাগজে কালার প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে ০১ সেট আবেদনপত্র শিক্ষার্থী নিজের কাছে সংরক্ষণ করবে।

* ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য www.nu.ac.bd/admissions ওয়েব সাইট থেকে জানা যাবে।


২৭.০৭.২০২১
(প্রফেসর শামীমা আখতার চৌধুরী)
অধ্যক্ষ
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

N. ২০২১/২৭.০৭.২১
(প্রফেসর নাজমীন ইসলাম চৌধুরী)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২০-২১
ও

বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট